



বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

কেন্দ্রীয় কমিটি

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন : ৮৮-০২২২৩৩৮৭৯৭৫, ফ্যাক্স : ৮৮-০২২২৩৩৮৪৬৩২

ই-মেইল : wparty@mail@gmail.com, www.wpb71.org

৩০ জুলাই ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

রংপুর জেলার গঙ্গাচড়া উপজেলায় হিন্দু ধর্মালম্বীর বাড়ীঘর ভাংচুর এবং হামলায় তীব্র নিন্দা ও ক্ষোভ

.....ওয়ার্কার্স পার্টি

গত ২৭ জুলাই ২০২৫ তারিখে রংপুর জেলার গঙ্গাচড়া উপজেলা বেতগাড়ী ইউনিয়নের আলদাদপুর ছয়আনি গ্রামে হিন্দু জনগোষ্ঠীর বাড়ীঘর ভাংচুর এবং হামলার তীব্র নিন্দা জানিয়ে বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির ভারপ্রাপ্ত সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাহমুদুল হাসান মানিক ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নুর আহমদ বকুল এক বিবৃতিতে প্রদান করেন।

নেতৃবৃন্দ বলেন, কথিত সংখ্যালঘু সম্প্রদায়ের জনৈক কিশোর ইসলাম ধর্মের নবী হযরত মোহাম্মদ (সঃ) এর কটুক্তির সূত্র ধরে ঘটনার তদন্তের আগেই তৌহিদী জনতার নামে ঐ গ্রামে হিন্দু সম্প্রদায়ের যে আক্রমণ হলো তা সাম্প্রদায়িক শক্তির আক্রমণ ছাড়া আর কিছুই নয়। তাদের সর্বস্বান্ত করে দেওয়া হয়েছে। ঐ সকল ঘটনা মানবতা বিরোধী অপরাধ। এই অপরাধের বিচার জরুরী এবং রাষ্ট্রকে তার দায় গ্রহণ করতে হবে। এই ঘটনার প্রকৃত তদন্ত সাপেক্ষে দোষী ব্যক্তিদের শাস্তি দাবী করেন নেতৃবৃন্দ।

বার্তা প্রেরক

(মোস্তুফা আলমগীর রতন)

আহবায়ক, কেন্দ্রীয় মিডিয়া বিভাগ

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

মোবাইল : ০১৭১৫১৫৫৩৮৭